

শিক্ষকদের জন্য ই-প্লাটফর্ম বাতায়ন ম্যাগ প্রকাশ

শিক্ষকদের সৃজনশীলতা বিকাশের পাশাপাশি শিক্ষা ও অনুপ্রেরণামূলক লেখা প্রকাশের প্লাটফর্ম হিসেবে একটি ই-ম্যাগ আয়োজন করেছে। বাতায়ন ম্যাগ নামের অনলাইনভিত্তিক এ সাময়িকী দেশের শিক্ষকদের মধ্যে যোগাযোগের নেতৃত্ব তৈরিতেও কাজ করবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটিআই প্রকল্পের আওতায় পরীক্ষামূলকভাবে এ অনলাইন সাময়িকীর প্রকাশ শুরু হয়েছে। আগস্ট সংখ্যার মাধ্যমে এটি আয়োজন করে।

আগামীতে বাতায়ন ম্যাগ নিয়মিত প্রকাশ করা হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। ডিজিটাল মাধ্যম ব্যবহার করে শিক্ষাকে সবার কাছে পৌঁছে

দিতে ও উৎকর্ষতা বাড়াতে এ উদ্যোগ নিয়েছেন দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা। আগামীতে কনটেন্ট বৃদ্ধি পেলে এটিআইয়ের পরিবর্তে তা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অধীনে পরিচালিত হবে। শুরুতে ই-ম্যাগটি দেখভালের দায়িত্ব পেয়েছেন চট্টগ্রাম টিচার্স ট্রেনিং কলেজের প্রভাষক জয়দীপ দে শ্যাপলু। তিনি জানান, শিক্ষকদের নিয়ে উদ্যোগটির শুরু বলা যায় ২০১১ সাল থেকে। দেশের স্কুলগুলোতে মান্টিমিডিয়া ক্লাসরুম তৈরির প্রকল্পের চিত্র থেকেই এটির বাস্তবায়ন। মান্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনার জন্য

শিক্ষকরা যেসব কনটেন্ট ডেভেলপড করেন, সেগুলো প্রথমে একটি ব্লগে আপলোড দেয়া হয়। শিক্ষক বাতায়ন নামের এ ব্লগটি আসলে অন্যান্য স্কুলের সঙ্গে সম্পর্ক রাখতে একটি প্লাটফর্ম হিসেবে কাজ করে উল্লেখ করে এ তরুণ শিক্ষক বলেন, এ বাতায়ন থেকে কনটেন্ট ডাউনলোড করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে পারবেন শিক্ষকরা। এটিআইর ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফিসার রফিকুল ইসলাম সৃজন বলেন, প্রাথমিক,



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের শিক্ষকদের সৃজনশীলতার বিকাশে এটা একটা প্লাটফর্ম হিসেবে কাজ করবে। শিক্ষকদের বিজ্ঞান, বাংলা, গণিত, ভ্রমণ, বিনোদনসহ

নানা শিক্ষামূলক লেখা ই-ম্যাগে পাওয়া যাবে। আপাতত এটিআই প্রকল্পের অধীনে ই-ম্যাগটি প্রতি দুই মাসে একটি করে সংখ্যা প্রকাশ করার পরিকল্পনা নিয়ে কাজ করছে বলে জানান সৃজন। বাতায়ন ম্যাগে প্রকাশিত সেরা লেখা নির্বাচন করে প্রতিবছর লেখকদের পুরস্কৃত করা হবে। পরীক্ষামূলক এ সংখ্যায় তিনটি মৌলিক নিবন্ধ, একটি কবিতা, একটি সংকলিত লেখা, একটি গণিতের সূত্র ও কয়েকটি ছোট খবর প্রকাশিত হয়েছে। শিক্ষক বাতায়নে এখন প্রায় ৭০ হাজার শিক্ষক যুক্ত আছেন, যারা এখন এই ই-ম্যাগের অংশ।

—আইটি ডেস্ক